গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন অধিশাখা)
www.nbr.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় রাজস্ব বাজেট প্রণয়নের কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তুতি সভার কার্যবিবরণী।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, জাতীয় রাজস্ব বোর্ড।
তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ
সময়ঃ বিকাল ৪:৩০ ঘটিকা।
সভাপতিঃ আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

(সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হল)

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য সদস্য (বোর্ড প্রশাসন) কে আহ্বান জানান। সদস্য (বোর্ড প্রশাসন) সভাকে জানান প্রতি বছরের ন্যায় এবারও জাতীয় রাজস্ব বোর্ড-২০২০-২০২১ অর্থবছরের খসড়া জাতীয় বাজেট প্রস্তুত করবে। সে আলোকে অদ্যকার সভার সূচনা। তিনি এই বিষয়ে উপস্থিত সদস্যদের সভার আলোচ্য সূচী অনুযায়ী মতামত ব্যক্ত করার অনুরোধ জানান। অত:পর উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন বিষয়ে তাঁদের মতামত ব্যক্ত করেন এবং নিম্নোক্তভাবে সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | প্রধান বাজেট সমন্বয়কারী এবং তিন জন বাজেট সমন্বয়কারী মনোনয়ন। | সভায় উপস্থিত সদস্যবৃন্দ সভাপতি মহোদয়কে অবহিত করেন যে প্রতি বছর খসড়া জাতীয় বাজেট করনীতি, শুল্কনীতি ও মূসকনীতি শাখা প্রস্তুত করে থাকে। এ ছাড়া ঢাকা ও দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন বাণিজ্যিক সংগঠন, সংস্থার সাথে চেয়ারম্যান মহোদয়কে প্রাক বাজেট সভায় অংশগ্রহন করতে হয়। এই সকল কাজ চেয়ারম্যান মহোদয়ের সাথে প্রধান বাজেট সমন্বয়কারী সমন্বয় করে সম্পন্ন করে থাকে। প্রধান বাজেট সমন্বকারী ছাড়াও তিন জন বাজেট সমন্বয়কারী থাকেন যারা বাজেটের কাজের সাথে সম্পৃক্ত অন্যান্য প্রতিষ্ঠান যেমন অর্থ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিজি প্রেসের সাথে যোগাযোগ করে থাকেন। খসড়া বাজেট প্রনয়ণের জন্য প্রধান বাজেট সমন্বয়কারী দায়িত্ব কোন বছর কর অনুবিভাগ হতে মনোনীত হলে পরবর্তী বছর শুল্ক ও ভ্যাট অনুবিভাগ হতে মনোনীত করা হয়। গত অর্থ বছরের প্রধান সমন্বয়কারী কর বিভাগ হতে মনোনীত হয়েছে বিধায় এই বছর প্রধান বাজেট সমন্বয়কারী শুল্ক ও ভ্যাট বিভাগ হতে মনোনীত করা যেতে পারে। অবশেষে উপস্থিত সদস্যবৃন্দ তিন জন বাজেট সমন্বয়কারীর নাম | ১। নিম্নোক্ত কর্মকর্তাগণ ২০২০-২১ অর্থ বছরের খসড়া জাতীয় বাজেট প্রস্তুতকালে বাজেট সমন্বয়কারী দায়িত্ব পালন করবেনঃ<br>ক) জনাব রাকিবুল হাসান, দ্বিতীয় সচিব, শুল্ক মূল্যায়ন।<br>খ) জনাব দীপক কুমার পাল, দ্বিতীয় সচিব, কর-১৫ শাখা।<br>গ) জনাব এম এম কবিরুল ইসলাম, দ্বিতীয় সচিব,মূসক মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়।<br><br>২। প্রধান বাজেট সমন্বয়কারী পরে মনোনীত করা হবে। | ১। সদস্য (বোর্ড প্রশাসন)<br>২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)<br>৩। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাব করেন এবং প্রধান বাজেট সমন্বয়কারীর নাম পরে নির্ধারণ করা যাবে মর্মে অভিমত ব্যক্ত করেন। | | |
| ২. | খসড়া বাজেট প্রস্তুতের জন্য মালামাল সংগ্রহ | প্রথম সচিব (বোর্ড প্রশাসন) সভাকে অবহিত করেন যে বিগত অর্থ বছরে খসড়া বাজেট প্রস্তুতকালে বাজেট প্রস্তুতের সাথে সংশ্লিষ্ট শাখাসমূহের অধিযাচনের ভিত্তিতে গুনগত ও পরিমাণগত মান বিচারে ক্রয় সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণ করে মালামাল সমূহ ক্রয় পূর্বক উক্ত শাখা সমূহে সরবারাহ করা হয়। সভাপতি মহোদয় মানসম্মত মালামাল ক্রয়ের উপর গুরুত্বারোপ করেন। | ১। খসড়া বাজেট প্রস্তুতের সাথে সংশ্লিষ্ট শাখা সমূহের অধিযাচনের ভিত্তিতে মালামাল দ্রুত সরবরাহ করতে হবে। তবে এই ক্ষেত্রে ক্রয় সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | সদস্য (বোর্ড প্রশাসন) |

২। সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৩/২০২০

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

নথি নং- ০৮.০১.০০০০.০০১.২০.০০১.২০.১০

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৬ / ০৩ মার্চ ২০২০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. জনাব.....................................................................

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব, প্রশাসন)
২. একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩/০৩/২০২০

(শারমিন আরা)
সিনিয়র সহকারী সচিব
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৮৩১৮১২০-২৬(এক্স-৩৭৭)